গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পবা, রাজশাহী
paba.rajshahi.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নম্বর ঃ ০৫.৪৩.৮১৭২.০০০.০৩.০৪৫.১৮-৪৭৭ (২৫০)

০৪ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ
তারিখ ঃ -----------------------
২০ অক্টোবর, ২০১৯ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (স্থানীয় সরকার বিভাগ) এসআরওনং ১৩৯-আইন/২০১১ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ আইন ২০০৯(২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ৯৬ এর দফা (ঙ) এ প্রদত্ত ক্ষমতাবলে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী নিয়োগ বিধিমালা ২০১১ মোতাবেক রাজশাহী জেলার পবা উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের গ্রামপুলিশ শূন্য পদ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরনের নিমিত্ত বর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের নাগরিক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | ইউনিয়নের নাম | পদের নাম | বেতন | শূন্যপদ সংখ্যা | বয়সসীমা | শারীরিক যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | দর্শনপাড়া | মহল্লাদার | ৬৫০০/- | ০২ | ১৮ থেকে ৩০ বছর মুক্তিযোদ্ধা প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর | **পুরুষ প্রার্থীর ক্ষেত্রে**<br>১. সর্ব নিম্ন উচ্চতা ৫ফুট ২ ইঞ্চি<br>২. বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক)<br>৩.সর্বনিম্ন ওজন ৫০ কেজি<br>**মহিলা প্রার্থীর ক্ষেত্রে**<br>১. সর্বনিম্ন উচ্চতা ৫ফুট<br>২. বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)<br>৩. সর্বনিম্ন ওজন ৪৫ কেজি | **মহল্লাদারের ক্ষেত্রেম :**<br>কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>**দফাদারের ক্ষেত্রে :**<br>পদোন্নতির মাধ্যমে মহল্লাদার পদে অন্যুন ০৭(সাত) বছরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বোর্ড হতে অন্যুন দ্বিতীয় বিভাগে অথবা জিপিএ ২.০০ হতে ৩.০০ এর কম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২ | হুজুরীপাড়া | মহল্লাদার | ৬৫০০/- | ০১ | | | |
| ০৩ | হড়গ্রাম | মহল্লাদার | ৬৫০০/- | ০২ | | | |
| ০৪ | দামকুড়া | দফাদার | ৭০০০/- | ০১ | | | |
| | | মহল্লাদার | ৬৫০০/- | ০১ | | | |
| ০৫ | বড়গাছি | মহল্লাদার | ৬৫০০/- | ০১ | | | |
| ০৬ | হরিপুর | মহল্লাদার | ৬৫০০/- | ০১ | | | |
| ০৭ | পারিলা | দফাদার | ৭০০০/- | ০১ | | | |
| | | মহল্লাদার | ৬৫০০/- | ০১ | | | |

**শর্তাবলী :**

০১. প্রার্থীকে রাজশাহী জেলার পবা উপজেলাধীন সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে।

০২. ২৫-১১-২০১৯ খ্রি. তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা কোটাধারীর ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৩. মুক্তিযোদ্ধা কোটাধারীর ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক প্রমাণক প্রয়োজনীয় সনদ, গেজেট ও অন্যান্য তথ্যাদি সম্বলিত কাগজ দাখিল করতে হবে।

০৪. সংযুক্ত নমুনা আবেদন মোতাবেক তথ্যাদি কম্পিউটারে কম্পোজ করে পূরণকৃত ও স্বহস্তে স্বাক্ষরিত দরখাস্ত আগামী ২৫-১১-২০১৯ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। আবেদনপত্রের খামের উপর পদের নাম ও ইউনিয়নের নাম ( যে ইউনিয়নের জন্য আবেদন করা হচ্ছে) আবশ্যিকভাবে লিখতে হবে।

০৫. যে কোন তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার,পবা, রাজশাহী বরাবর ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৬. প্রার্থীকে স্বাস্থ্য পরীক্ষার ডাক্তারী সনদ এবং পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে নিয়োগপত্র প্রদান করা হবে।

০৭. আবেদনপত্রে (সংযুক্ত নমুনা মোতাবেক) প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্বামীর নাম, জন্ম তারিখসহ বয়স (জন্ম সনদ দাখিল করতে হবে), ঠিকানা (স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা),পাসপোর্ট নম্বর (যদি থাকে), শারীরিক যোগ্যতার পরিমাণ,প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি, ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি ছবি (সত্যায়িত) সংযুক্ত করতে হবে। উল্লেখ্য সকল সংযুক্তিকাগজপত্রে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৮. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি দাখিল করতে হবে।

০৯. দফাদার/মহল্লাদার এর শূণ্য পদে লোক নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধিমালায় বর্ণিত যোগ্যতার উপযুক্ত বিবেচিত হলে মৃত অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

১০. আবেদনে চাহিত সকল তথ্য দিতে হবে, অন্যথায় আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

মোঃ আব্দুল কালাম আজাদ
চেয়ারম্যান
৫নং হড়গ্রাম ইউনিয়ন পরিষদ
পবা, রাজশাহী।

১১. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২. নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন শর্ত সংযোজন, পরিবর্তন বা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা নিম্নস্বাক্ষরকারী সংরক্ষণ করেন।

S. Hossain
২০.১০.২০১৯

(মোহাম্মদ শাহাদাত হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
পবা, রাজশাহী
ফোন : ০৭২১-৭৬১৭৯৯ (কার্যালয়)
মোবাইল : ০১৭৩৩-৩৫২০০১
ই-মেইল : unopaba@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পবা, রাজশাহী
paba.rajshahi.gov.bd

০৪ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ
তারিখ ঃ -------------------------
২০অক্টোবর, ২০১৯ খ্রিষ্টাব্দ

স্মারক নম্বর ঃ ০৫.৪৩.৮১৭২.০০০.০৩.০৪৫.১৮-৪৭৭(১৮০)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনার অফিস, রাজশাহী
০৪। জেলা প্রশাসক, রাজশাহী
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পবা, রাজশাহী
০৮। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)..................................................................রাজশাহী
০৭। মেয়র, নওহাটা/কাটাখালী পৌরসভা, পবা, রাজশাহী
০৯। সহকারী কমিশনার (ভূমি), পবা, রাজশাহী
১০। উপজেলা ..................................................................................অফিসার, পবা, রাজশাহী
১১। চেয়ারম্যান,(সকল)..........................ইউনিয়ন পরিষদ, পবা ,রাজশাহী । বিজ্ঞপ্তিটি ঢোল শহরত ও মাইকযোগে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো
১২। অফিসারইনচার্জ,পবা/বোয়ালিয়া/মতিহার/শাহমুখদুম/এয়ারপোর্ট/কর্ণহার/দামকুড়া/কাশিয়াডাঙ্গা/মতিহার/কাটাখালীথানা/চন্দ্রিমা(আরএমপি)পবা,রাজশাহী
১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা...............................ইউনিয়ন ভূমি অফিস, পবা । তাঁকে বিজ্ঞপ্তিটি ঢোল শহরত ও মাইকযোগে ব্যাপক প্রচারের জন অনুরোধ করা হলো
১৪। পোষ্ট মাষ্টার, উপজেলা পোষ্ট অফিস, পবা, রাজশাহী
১৫। সহকারী প্রোগ্রামার, পবা, রাজশাহী। তাকে পবা উপজেলার নিজস্ব ওয়েব সাইট paba.rajshahi.gov.bdএর নোটিশ বোর্ডে আপ লোড করার জন্য অনুরোধ করা হলো
১৬। সচিব.........[illegible]................. ইউনিয়ন পরিষদ,পবা, রাজশাহী। তাকে ইউনিয়নের নিজস্ব ওয়েব সাইটের নোটিশ বোর্ডে আপলোড করার জন্য অনুরোধ করা হলো
১৭। নোটিশ বোর্ড
১৮। অফিস কপি

S. Hossain
২০.১০.২০১৯

( মোহাম্মদ শাহাদাত হোসেন )
উপজেলা নির্বাহী অফিসার
পবা, রাজশাহী